Q) How did Ritwik Ghatak portray the agony of India's tragic partition in his cinemas?

বাংলা সিনেমায় ১৯৪৭ সালের স্বাধীনতা পরবর্তী দেশভাগজনিত সমস্যার প্রতিচ্ছবি যারা ফুটিয়ে তুলেছিলেন ঋত্বিক ঘটক তাদের মধ্যে অন্যতম শ্রেষ্ঠ। শক্তিপদ রাজগুরুর উপন্যাসের উপর ভিত্তি করে ঋত্বিক ঘটক তৈরী করেছিলেন 'মেঘে ঢাকা তারা' সিনেমাটি, যেটি বহুভাবে প্রশংসিত হয়েছিল।'মেঘে ঢাকা তারা' তে ঋত্বিক দেশভাগ পরবর্তী কস্টকর জীবন ও মানুষের যন্ত্রনার এক প্রানবন্ত ইতিহাস তুলে ধরেছিলেন। উদ্বাস্তু শিবিরের কালো স্মৃতি ঋত্বিক নিপুনভাবে ফুটিয়ে তুলেছিলেন। ঋত্বিক দেখিয়েছেন ছিন্নমূল মানুষদের অসহায় ও অমানবিক অবস্থা। এবং শ্রেনী সংগ্রামের এক নতুন সংজ্ঞার সৃস্টি করেন তিনি। বুদ্ধির সূক্ষতা ও হৃদয়ের আবেগের সংমিশ্রনের মাধ্যমে ঋত্বিক তার ব্যক্তিগত যন্ত্রনা, রাগ ও কস্টগুলিকে এক বিশ্বমুখীনতার প্রেক্ষিতে দাঁড় করিয়েছেন। 'মেঘে ঢাকা তারা' তে তিনি বুঝিয়ে দিয়েছেন কিভাবে রাজনীতি সংসার বা পরিবারের অন্দর মহলে প্রবেশ করেছিল এবং যা তার চরিত্র, অর্থনৈতিক অবস্থাকে পরিবর্তন করেদিয়েছিল। আসলে ঋত্বিক ঘটক নিজেও ছিলেন তার মূল থেকে বিচ্ছিন্ন। 'His films reflects a Calcutta of discontent, a Calcutta of hate, a Calcutta of despair, degradation and dehumanization, a Calcutta of corruption.'
ঋত্বিকের ওপর দুটি দেশভাগ বিষয়ক সিনেমা হলো 'কোমল গান্ধার' ও 'সুবর্নরেখা', যেখানেও তিনি স্বাধীনতা পরবর্তী দেশভাগের যন্ত্রনার ছবি বিশেষজ্ঞের দৃষ্টিতে তুলে ধরেছেন। তার এই সিনেমাগুলি থেকে দেশভাগ ও উদ্বাস্তু সমস্যা বিষয়ক ইতিহাসকে আরো গভীরভাবে বোঝা সম্ভব হয়েছে।

Scanned by CamScanner